

বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী
অচসন্ধি প্রকরণ

ডঃ বিপদভঞ্জন পাল



সংস্কৃত পুস্তক ভাণ্ডার

৩৮, বিধান সরণী, কলকাতা-৭০০ ০০৬

সিদ্ধান্তকৌমুদীতে অচ্‌সন্ধি প্রকরণ

‘সন্ধি সন্ধান’—দুটি বর্ণের অত্যন্ত সন্নিপিতে অবস্থান। বাস্তবে দুটি বর্ণের সংশ্লেষরূপ সন্ধানই সন্ধি বা সংহিতা। অচ্‌-সন্ধি, হ্‌-সন্ধি, বিসর্গ-সন্ধি এবং স্বাদিসন্ধির ভেদে সিদ্ধান্তকৌমুদীতে চতুর্বিধ সন্ধি শ্রীকৃত হয়েছে। বর্ণসমাম্মানে প্রথম অচ্‌ উপদিষ্ট হওয়ায় ভট্টোজি সন্ধিমধ্যেও প্রথম অচ্‌-সন্ধিরই বিবরণ দিয়েছেন। অচ্‌ + অচ্‌ অর্থাৎ স্বরের সঙ্গে স্বরের সংশ্লেষই অচ্‌সন্ধি বা স্বরসন্ধি। সিদ্ধান্তকৌমুদীতে পঠিত প্রথম সন্ধিসূত্রটি হচ্ছে—

৪৭। ইকো যণচি। ৩।১।৭৭

ইকঃ স্থানে যণ স্যাৎ অচি সংহিতায়াং বিষয়ে, ‘সুধী উপাস্যঃ’ ইতি স্থিতে স্থানত আন্তর্যাৎ ঙ্কারস্য যকারঃ।

সূত্রটি বিধিসূত্র। সূত্রে ‘ইকঃ’ পদটি ষষ্ঠ্যন্ত, ষষ্ঠীর অর্থ স্থানে,—‘ইকঃ’ = ইক্‌-বর্ণের স্থানে। ‘ইক্‌’ হচ্ছে ই, উ, ঋ, ঌ-এই চার (দীর্ঘসহ আট) বর্ণের সংজ্ঞা। ইক্‌ স্থানী, যণ আদেশ। য ব র ল-এই চার বর্ণ হচ্ছে যণবর্ণ। অতএব অর্থ হয়,—ই উ ঋ ঌ-স্থানে য ব র ল আদেশ হয়। কখন এই আদেশ হয়?—সংহিতার এবং অচ্‌ পরে থাকলে। ‘সংহিতায়াম্’-সূত্রের অধিকার থাকায় লক্ষ হয় যে, উক্ত আদেশ সন্ধিতেই প্রযোজ্য। সূত্রস্থ ‘অচি’ পদে সপ্তমী ‘সতি সপ্তমী’, সপ্তমী অধিকরণার্থক নয়, নিমিত্তার্থক। বর্ণ বর্ণের আধার হয় না। ঘটের উপর ঘট থাকতে পারে, কিন্তু বর্ণের উপর বর্ণ থাকে না। এজন্য এই সপ্তমী পরনিমিত্তক সপ্তমী। পরে ‘অচ্‌’ থাকলে,—এটিই সপ্তম্যন্ত অচি’র অর্থ। অচ্‌ হচ্ছে স্বরের সংজ্ঞা—বর্ণসমাম্মানে পঠিত অ—চ্‌ পর্যন্ত বর্ণগুলির অর্থাৎ সকল স্বরের সংজ্ঞা। এতে সূত্রের অর্থ হয়,—অচ্‌ বা স্বর পরে থাকলে ইক্‌-স্থানে যণ হয়। এস্থলে জিজ্ঞাসা হতে পারে যে, অচ্‌-এর পূর্বে একাধিক ইক্‌ বর্ণ থাকলে কার স্থানে যণ হবে? তদুত্তরে ‘তস্মিন্মিতি নির্দিষ্টে পূর্বস্য’—এই পরিভাষা উপস্থিত হয়ে জানায় যে, অব্যবহিত পূর্ববর্তী যে ইক্‌-বর্ণ তারই স্থানে যণ-আদেশ হবে। অতএব ভট্টোজি সূত্রার্থ বললেন,—

‘পরঃ সন্ধিকর্বঃ সংহিতা’ সূত্রে দুটি বর্ণের অত্যন্ত সন্নিধি—উচ্চারণ জন্য অত্যন্ত সামীপ্যকে সংহিতা অর্থাৎ সন্ধির বিষয় বলা হয়েছে। বর্ণের ত্রিবিধ বৃত্তি বা উচ্চারণ হয়।—দ্রুত, মধ্যম এবং বিলম্বিত। দ্রুতবৃত্তিহলেই সন্ধি হয়।

একপদে, ধাতু ও উপসর্গের মধ্যে এবং সমাসে দ্রুতবৃত্তিবশতঃ নিত্য সন্ধি হয়, অন্যত্র সন্ধি বৈবক্ষিক,—

সংহিতেকপদে নিত্যা নিত্যা ধাতুপসর্গয়োঃ।

নিত্যা সমাসে বাক্যে তু সা বিবক্ষামপেক্ষতে।।